‘ইসলাম’ শব্দের অর্থ কি?

আমাদের দ্বীনের নাম ইসলাম এবং আমাদের জন্য এটা জানা জরুরী যে, ইসলাম মানে কি? শাইখ মুহাম্মাদ সালিহ আল-মুনাজ্জিদ এ প্রশ্নের উত্তরে ডঃ মুহাম্মাদ আব্দুল্লাহ ইবনে সালিহ আল-সুহাইম রচিত একটি কিতাবের উদ্ধৃতি দিয়ে বলেছেনঃ

إذا رجعت إلى معاجم اللغة و علمت أن معنى كلمة الإسلام هو :

الانقياد والخضوع والإذعان والاستسلام و الامتثال لأمر الآمر ونهيه

بلا اعتراض , وإخلاص العبادة له سبحانه وتصديق خبره والإيمان به

, وأصبح اسم الإسلام عَلَماً على الدين الذي جاء به محمد صلى الله

عليه وسلم.

আরবী ভাষার অভিধান অনুযায়ী “ইসলাম’’ শব্দটির অর্থ হল “আত্মসমর্পণ করা’’, ‘‘নিজেকে বিনয়াবনত করা’’, “হুকুম মান্য করা’’, “কোন আপত্তি ছাড়াই আদেশ-নিষেধ মেনে চলা’’, “সর্বান্তকরণে কেবলমাত্র আল্লাহ্ রাব্বুল ‘আলামীনের ইবাদত করা’’, “তিনি যা বলেছেন তার সবকিছুই বিশ্বাস করা এবং তাঁর উপরেই বিশ্বাস এবং আস্থা রাখা’’। প্রিয় নবী মুহাম্মাদ (সাল্লালাহু ‘আলাইহি ওয়াসাল্লাম) আমাদের জন্য যে জীবন ব্যবস্থা নিয়ে এসেছিলেন তার নামই হল “ইসলাম’’।

বিস্তারিতঃ http://islamqa.info/en/10446

অর্থাৎ আরবী অভিধানগুলোতে ইসলাম এর শব্দার্থ হিসেবে আল্লাহর কাছে আত্মসমর্পণ করা এবং এর অনুরূপ অর্থগুলোই এসেছে। উদাহরণস্বরূপ, আরবী ভাষার বিখ্যাত ও সবচেয়ে নির্ভরযোগ্য অভিধান ইবনে মানজুর রচিত 'লিসান আল আরাব' এ বলা হয়েছে, ইসলাম শব্দটি 'ইসতিসলাম' (استسلاما) শব্দ থেকে নেয়া হয়েছে যার অর্থ হচ্ছে কারো কাছে নত হওয়া, আত্মসমর্পণ করা। এ কারণে, আল কুরআনে 'আসলামা' (اسلم) ক্রিয়াপদ দ্বারা আত্মসমর্পণ করাকেই বুঝান হয়েছে।

বর্তমানে অনেকেই ইসলাম শব্দের অর্থ করেন শান্তি। অথচ শান্তির আরবী শব্দ হচ্ছে সালাম (سلام)। তারা মনে করেন سلم এই তিনটি অক্ষর থেকে যেহেতু ইসলাম ও সালাম উভয় শব্দের উৎপত্তি, তাই উভয় এর অর্থ একই হবে। অথচ বাস্তবে একই মূল ধাতু থেকে উৎপন্ন বিভিন্ন শব্দের অর্থ ভিন্ন ভিন্ন হয়। যেমনঃ سلم থেকে উৎপন্ন শব্দসমূহ হলোঃ

ইসলাম - اسلام – আত্মসমর্পণ

ইসতিসলাম - استسلاما - আত্মসমর্পণ করা

আসলামা - اسلم- সপে দেয়া / আত্মসমর্পণ করা

সালাম - سلام- ভালো থাকা / শান্তি

সালামা - سلما- চামড়ার প্রস্তুতি (ট্যানারী)

সালিমা - سليما - বিপদ থেকে রক্ষা পাওয়া (স্ত্রী বাচক)

সালিম - سليم - বিপদ থেকে রক্ষা পাওয়া (পুং বাচক)

মুসাল - مسل - যাতে কোন মতদ্বন্দ হয়নি

বিস্তারিতঃ সাহিব বিন আব্বাদ (মৃত্যুঃ ৩৮৫ হিজরী) রচিত আল-মুহিত ফিল লুগাহ এর سلمঅধ্যায়।

ইমাম ইবনে তাইমিয়া তাঁর মাজমু আল ফাতাওয়াতে (৩/৯১) বলেছেনঃ

فَالْإِسْلَامُ يَتَضَمَّنُ الِاسْتِسْلَامَ لِلَّهِ وَحْدَهُ (مجموع الفتاوى)

অর্থাৎ, ইসলাম এর অর্থের মধ্যে রয়েছে এক আল্লাহর কাছে আত্মসমর্পণ করা।

আল কুরআনে 'আসলামা' (اسلم) ক্রিয়াপদটি যে আত্মসমর্পণ করা অর্থেই এসেছে, তার দলীলঃ

بَلَىٰ مَنْ أَسْلَمَ وَجْهَهُ لِلَّهِ وَهُوَ مُحْسِنٌ فَلَهُ أَجْرُهُ عِندَ رَبِّهِ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ

হাঁ, যে ব্যক্তি নিজেকে আল্লাহর নিকট আত্মসমর্পণ করেছে এবং সে সৎকর্মশীলও বটে তার জন্য তার পালনকর্তার কাছে পুরস্কার রয়েছে। তাদের ভয় নেই এবং তারা চিন্তিতও হবে না। (সূরা বাকারাহ : ১১২)

إِذْ قَالَ لَهُ رَبُّهُ أَسْلِمْ قَالَ أَسْلَمْتُ لِرَبِّ الْعَالَمِينَ

যখন তাঁকে তাঁর পালনকর্তা বললেনঃ আত্মসমর্পণ কর। তিনি বললেনঃ আমি বিশ্বপালকের কাছে আত্মসমর্পণ করলাম। (সূরা বাকারাহ : ১৩১)

فَإِنْ حَاجُّوكَ فَقُلْ أَسْلَمْتُ وَجْهِيَ لِلَّهِ وَمَنِ اتَّبَعَنِ ۗ وَقُل لِّلَّذِينَ أُوتُوا الْكِتَابَ وَالْأُمِّيِّينَ أَأَسْلَمْتُمْ ۚ فَإِنْ أَسْلَمُوا فَقَدِ اهْتَدَوا ۖ وَّإِن تَوَلَّوْا فَإِنَّمَا عَلَيْكَ الْبَلَاغُ ۗ وَاللَّهُ بَصِيرٌ بِالْعِبَادِ

যদি তারা তোমার সাথে বিতর্কে অবতীর্ণ হয় তবে বলে দাও, "আমি এবং আমার অনুসরণকারীগণ আল্লাহর প্রতি আত্মসমর্পণ করেছি।" আর আহলে কিতাবদের এবং নিরক্ষরদের বলে দাও যে, তোমরাও কি আত্মসমর্পণ করেছ? তখন যদি তারা আত্মসমর্পণ করে, তবে সরল পথ প্রাপ্ত হলো, আর যদি মুখ ঘুরিয়ে নেয়, তাহলে তোমার দায়িত্ব হলো শুধু পৌছে দেয়া। আর আল্লাহর দৃষ্টিতে রয়েছে সকল বান্দা। (সূরা আলে ইমরান : ২০)

أَفَغَيْرَ دِينِ اللَّهِ يَبْغُونَ وَلَهُ أَسْلَمَ مَن فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ طَوْعًا وَكَرْهًا وَإِلَيْهِ يُرْجَعُونَ

তারা কি আল্লাহর দ্বীনের পরিবর্তে অন্য দ্বীন তালাশ করছে? আসমান ও যমীনে যা কিছু রয়েছে স্বেচ্ছায় হোক বা অনিচ্ছায় হোক, তাঁর কাছে

আত্মসমর্পণ করেছে এবং তাঁর দিকেই ফিরে যাবে। (সূরা আলে ইমরান : ৮৩)

وَمَنْ أَحْسَنُ دِينًا مِّمَّنْ أَسْلَمَ وَجْهَهُ لِلَّهِ وَهُوَ مُحْسِنٌ وَاتَّبَعَ مِلَّةَ إِبْرَاهِيمَ حَنِيفًا ۗ وَاتَّخَذَ اللَّهُ إِبْرَاهِيمَ خَلِيلًا

তার চেয়ে দ্বীনে কে উত্তম, যে সৎকর্মপরায়ণ হয়ে আল্লাহর নিকট আত্মসমর্পণ করে এবং ইব্রাহীমের ধর্মাদর্শ অনুসরণ করে ? আল্লাহ ইব্রাহীমকে বন্ধুরূপে গ্রহণ করেছেন। (সূরা আন-নিসা : ১২৫)

একইভাবে নিম্নোক্ত আয়াতগুলোতেও "আত্মসমর্পণ করা", "অনুগত বা আজ্ঞাবহ থাকা", "হুকুম মান্য করা" এই অর্থগুলোই এসেছেঃ

সূরা আল-মায়িদাহ : ৪৪, সূরা আল-আনআম : ১৪, সূরা আল-আনআম : ৭১, সূরা আন-নাহল : ৮১, সূরা আল-হাজ : ৩৪, সূরা আন-নামল : ৪৪, সূরা আয-যুমার : ৫৪, সূরা গফির : ৬৬, সূরা আল-ফাতহ : ১৬, সূরা আল-হুজুরাত : ১৭

অতএব, কুরআনের ভাষা থেকে এ ব্যাপারটি স্পষ্ট যে, ইসলাম শব্দের সঠিক অর্থ আল্লাহর কাছে আত্মসমর্পণ করা এবং তাঁর অনুগত হওয়া। আমরা যেন শরীয়তের এই পরিভাষাকে পরিবর্তন করে না ফেলি।

আল্লাহ তা'লা আমাদেরকে ইসলামের সঠিক জ্ঞান এবং সেই অনুযায়ী আমল করার তাওফীক দান করুন।